বাংলাদেশ কৃষি ব্যাংক
এসএমই বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন ঃ ৯৫৬০৭৩৭
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৩৪)
E-mail ঃ dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(১)/২০১৬-১৭/ ৯৭ (১২৫০) তারিখঃ ০৩/১০/২০১৬

০১। উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয় (ঋণ)/ সকল কর্পোরেট শাখা
০২। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত এসএমই উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ এর জন্য বাংলা ভাষায় স্বতন্ত্র আবেদনপত্র প্রবর্তন প্রসংগে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমই এর আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের সকল উদ্যোক্তাদের সুবিধার্থে বাংলা ভাষায় প্রণীত একটি স্বতন্ত্র ঋণ আবেদনপত্র সকল ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান সমূহকে আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে মর্মে নির্দেশনা জারী করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২. বিগত ২০১৫-১৬ অর্থবছর হতে অত্র ব্যাংকে এসএমই ঋণ আবেদনের জন্য আবশ্যিক পূর্ণাঙ্গ তথ্য ভিত্তিক স্বতন্ত্র এসএমই ঋণ আবেদন ফরম (এল.এফ-৮খ) বাংলায় প্রণয়নপূবক মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। যা এসএমই এর আওতায় চলতি মূলধন/নগদ পূঁজি ঋণ ও অন্যান্য স্বল্পমেয়াদী ঋণের আবেদনের ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। এছাড়াও এসএমই এর আওতায় প্রকল্প ঋণ আবেদনের ক্ষেত্রে অত্র ব্যাংকে ব্যবহৃত সাধারন প্রকল্প ঋণের আবেদন ফরম (এল.এফ-৪) ব্যবহারের নির্দেশনা দেয়া আছে।

০৩. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক এসএমই এর আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের সকল ঋণ গ্রহনে আগ্রহী উদ্যোক্তাদের মাঝে সরবরাহের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত আবেদনপত্রটির সফটকপি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। শাখা কর্তৃক ওয়েবসাইট হতে আবেদনপত্রটির প্রিন্টকপি সংরক্ষন করতে হবে এবং ঋণ গ্রহনে আগ্রহী উদ্যোক্তাদের মাঝে বিনামূল্যে বিতরন করতে হবে যা ঋণের জন্য প্রাথমিক আবেদন হিসাবে বিবেচিত হবে।

০৪. প্রাথমিক আবেদন যাচাইয়ে উদ্যোক্তা ঋণ প্রদানের জন্য যোগ্য বিবেচিত হলে ঋণ আবেদনকারীকে অত্র ব্যাংক কর্তৃক প্রণীত এসএমই ঋণ আবেদন ফরম এল.এফ-৮খ/এলএফ-৪ (প্রযোজ্য ক্ষেত্রে) সরবরাহপূর্বক আনুষ্ঠানিক ঋণ আবেদন গ্রহন করতে হবে। এক্ষেত্রে এসএমই ঋণ আবেদন ফরম এল.এফ-৮খ/এল.এফ-৪ এর সংযুক্তি হিসাবে বিনামূল্যে বিতরনকৃত প্রাথমিক আবেদনটি ঋণ নথিতে সংরক্ষন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৩/১০/১৬
(মোরশেদা খানম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি সংযুক্তি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত এসএমই ঋণ আবেদনপত্রের সফ্টকপিসহ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সমূহ।
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. নথি/মহানথি।

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)


এসএমইএসপিডি সার্কুলার নং-০২

তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০১৬ / ১০ আশ্বিন ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান।

**<u>এসএমই উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ এর জন্য বাংলা ভাষায় স্বতন্ত্র আবেদনপত্র প্রবর্তন প্রসঙ্গে</u> ।**

প্রিয় মহোদয়,

এসএমই খাতের বিশেষত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের সকল উদ্যোক্তাদের সুবিধার্থে এতদ্‌সঙ্গে সংযোজিত বাংলা ভাষায় প্রণীত স্বতন্ত্র আবেদনপত্রটি সকল ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে। এ লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবে ঃ-

(১) আবেদনপত্রটি এসএমই খাতের উদ্যোক্তাদের সকলের নিকট সহজলভ্য করার সুবিধার্থে এর প্রিন্ট কপি সকল ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখায় সংরক্ষণ করতে হবে এবং সফ্‌ট কপি স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(২) আবেদন অনুযায়ী ঋণ/বিনিয়োগ মঞ্জুরির ক্ষেত্রে ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান আবশ্যকীয় যে কোন তথ্য, প্রমাণপত্র এবং দলিলাদি গ্রাহকের নিকট থেকে সংগ্রহ করতে পারবে।

এই সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ-০২ (দুই পৃষ্ঠা)।

(স্বপন কুমার রায় )
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২

তারিখঃ-

(বিনামূল্যে প্রদেয়)

ছবি

ব্যবস্থাপক

.....................

.....................

## এসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ এর আবেদন।

প্রিয় মহোদয়,

আমি/আমরা এসএমই উদ্যোক্তা হিসেবে আপনার প্রতিষ্ঠানের শাখা হতে আমার/আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন/ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয়/অন্যান্য বাবদ মাস মেয়াদী টাকার ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদন করছি। নিম্নে আমার/আমাদের ব্যক্তিগত, ব্যবসা সংক্রান্ত এবং প্রস্তাবিত এসএমই ঋণ/বিনিয়োগ বিষয়ক তথ্য পেশ করা হল।

| | | | |
|---|---|---|---|
| ১ | ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের বৃত্তান্ত | | |
| | ১.১ প্রতিষ্ঠানের নাম | ঃ | |
| | ১.২ ঠিকানা (নিজস্ব/ভাড়া) | ঃ | |
| | ১.৩ ব্যবসায়ের প্রকৃতি | ঃ | ☐ শিল্প ☐ ব্যবসা ☐ সেবা |
| | ১.৪ মালিকানার ধরণ | ঃ | ☐ একক মালিকানাধীন ☐ অংশীদারি ☐ যৌথ মূলধনী |
| | ১.৫ ব্যবসায় বিনিয়োগকৃত মূলধন | | |
| | ১.৬ ট্রেড লাইসেন্স নম্বর ও মেয়াদ | ঃ | |
| | ১.৭ ব্যবসা শুরুর তারিখ | ঃ | |
| | ১.৮ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর) | ঃ | |
| | ১.৯ ব্যাংক হিসাবের নাম ও নম্বর | ঃ | |
| | ১.১০ প্রতিষ্ঠানের বার্ষিক বিক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে) | | |
| | ১.১১ প্রতিষ্ঠানের মোট বার্ষিক আয় | ঃ | |
| | ১.১২ ,, মোট বার্ষিক ব্যয় | ঃ | |
| | ১.১৩ ,, স্থায়ী সম্পদ (ভূমি ও ইমারত ব্যতীত) | ঃ | |
| | ১.১৪ প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের সংখ্যা | ঃ | |
| | ১.১৫ মজুদ পণ্যের মূল্য | ঃ | |
| ২ | আবেদনকারী প্রতিষ্ঠানের দায় | | |
| | ২.১ ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান | ঃ | |
| | ২.২ অন্যান্য | ঃ | |
| ৩ | আবেদনকারীর বৃত্তান্ত (অংশীদারি/যৌথমূলধনী কারবারের ক্ষেত্রে পরিচালকদের অনুরূপ তথ্য পৃথক কাগজে সংযুক্ত করতে হবে) | | |
| | ৩.১ নাম (বাংলা ও ইংরেজী) | ঃ | |
| | ৩.২ জন্ম তারিখ ও স্থান | ঃ | |
| | ৩.৩ শিক্ষাগত যোগ্যতা | ঃ | |
| | ৩.৪ প্রশিক্ষণ | | |
| | ৩.৫ পিতার নাম | ঃ | |
| | ৩.৬ মাতার নাম | ঃ | |
| | ৩.৭ বৈবাহিক অবস্থা | | |
| | ৩.৮ স্বামী/স্ত্রী'র নাম | ঃ | |
| | ৩.৯ বর্তমান ঠিকানা (ফোন নম্বর ও ই-মেইল আইডিসহ) | ঃ | |
| | ৩.১০ স্থায়ী ঠিকানা | ঃ | |
| | ৩.১১ অন্যান্য উৎস হতে মাসিক আয় | ঃ | |
| | ৩. ১২ মালিকানাধীন অন্যান্য প্রতিষ্ঠানের নাম | ঃ | |
| | ৩.১৩ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর) | ঃ | |
| | ৩.১৪ জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| ৪ | আবেদনকারীর দায় | | |
| | ৪.১ ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান | ঃ | |
| | ৪.২ অন্যান্য | ঃ | |
| ৫ | ঋণ/বিনিয়োগ গ্রহণের উদ্দেশ্য | | |
| | ৫.১ চলতি মূলধন | ঃ | |
| | ৫.২ ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয় | ঃ | |
| | ৫.৩ অন্যান্য | ঃ | |
| ৬ | জামানতের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| ৭ | জামিনদারের নাম | | |

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

(বিনামূল্যে প্রদেয়)



| | | | |
|---|---|---|---|
| | ৭.১ জামিনদার সম্পর্কিত তথ্য | | |
| | ৭.১.১ নাম (বাংলা ও ইংরেজী) | ঃ | |
| | ৭.১.২ জন্ম তারিখ | ঃ | |
| | ৭.১.৩ শিক্ষাগত যোগ্যতা | ঃ | |
| | ৭.১.৪ পিতার নাম | ঃ | |
| | ৭.১.৫ মাতার নাম | ঃ | |
| | ৭.১.৬ স্বামী/স্ত্রী'র নাম | ঃ | |
| | ৭.১.৭ ঠিকানা | | |
| | ৭.১.৭.১ বর্তমান (ফোন নম্বরসহ) | ঃ | |
| | ৭.১.৭.২ স্থায়ী | ঃ | |
| | ৭.১.৮ পেশা | ঃ | |
| | ৭.১.৯ মাসিক আয় | ঃ | |
| | ৭.১.১০ জামিনদারের সম্পদের পরিমাণ | ঃ | |
| | ৭.১.১১ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর) | ঃ | |
| | ৭.১.১২ জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| | ৭.১.১৩ ব্যাংক হিসাবের নাম ও নম্বর (যদি থাকে) | ঃ | |
| | ৭.১.১৪ ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ/বিনিয়োগ গ্রহণের পরিমাণ | ঃ | |
| | ৭.১.১৫ অন্যান্য | ঃ | |
| | ৭.১.১৬ আবেদনকারীর সাথে সম্পর্ক | ঃ | |

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করতে হবে)

জামিনদারের স্বাক্ষর ও তারিখ

[*ঋণ/বিনিয়োগ মঞ্জুরির জন্য আবশ্যকীয় অন্য যে কোন তথ্য, প্রমাণপত্র এবং দলিলাদি ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী গ্রাহক প্রদান করতে বাধ্য থাকবে ]

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ